**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় নদী রক্ষা কমিশন**
এনএসসি ভবন (লেভেল ১৬)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
**www.nrcc.gov.bd**

নং-১৮.২০.০০০০.০১৮.০১১.০০২.২০২১-৯৪০

তারিখ : ২১ আষাঢ় ১৪৩০
৫ জুলাই ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় নদী রক্ষা কমিশনে নিম্নলিখিত শূন্য পদ অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://nrcc.teletalk.com.bd**) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | সহকারী প্রধান (জীব বিজ্ঞান)<br>২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | ১ (এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে **জীব বিজ্ঞান বা প্রাণি বিজ্ঞান বা অণু-বিজ্ঞান** বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রী। | |
| ২. | হিসাবরক্ষক<br>১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | ১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | |
| ৩. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | ১ (এক) | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ইংরেজী সাটঁলিপিতে প্রতি মিনিটে ৮০ শব্দ বাংলা সাটঁলিপি প্রতি মিনিটে ৫০ শব্দ। ইংরেজী টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দ বাংলা টাইপে প্রতি মিনিটে ২৫ শব্দ গতিসম্পন্ন হইতে হইবে।<br>(গ) কম্পিউটারে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯,৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ২ (দুই) | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার লিটারেসী টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | গোপালগঞ্জ, শেরপুর, কুড়িগ্রাম, টাঙ্গাইল, ঝালকাঠি ও ময়মনসিংহ জেলার সাধারণ প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৫. | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯,৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ১ (এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ও ডাটা এন্ট্রি অপারেশনে স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | |

**আবেদনের শর্তাবলি:**

১। (ক) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ২/৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী **এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে** বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ -এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| জি.পি.এ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জি.পি.এ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| জি.পি.এ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(খ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ২/৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ ১১/৫-১ (অংশ)/৫৮২ অনুযায়ী **অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ-এর ক্ষেত্রে** বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ -এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সি.জি.পি.এ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| **৪.০০ পয়েন্ট স্কেলে** | **৫.০০ পয়েন্ট স্কেলে** | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

২। O. Level এবং A' Level এর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৩। **বয়স (৫ জুলাই ২০২৩ তারিখে)**
৫ জুলাই ২০২৩ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটানীতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৬। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্য হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটিকর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিংবা পুত্র/কন্যার পুত্র/কন্য হলে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট এবং লাল মুক্তিবার্তার সতায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়সূচি প্রার্থীদের এসএমএস-এর মাধ্যমে জানানো হবে এবং কমিশনের ওয়েবসাইট nrcc.gov.bd তে পাওয়া যাবে।

৯। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় বা ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) পর উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের ২ সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১০। নিয়োগের ক্ষেত্রে **জাতীয় নদী রক্ষা কমিশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৮** এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

১২। উল্লিখিত বিজ্ঞাপিত পদের হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল/বর্জন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১৪। এ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://nrcc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১ জুলাই ২০২৩, সকাল- ১০:০০ টা;

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০ আগস্ট ২০২৩, বিকাল- ০৫:০০ টা;

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit-করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ=৬০০ (ছয়শত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ=৬৭ (সাতষট্টি) টাকাসহ (অফেরতযোগ্য) মোট=৬৬৭ (ছয়শত সাতষট্টি) টাকা, ২ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ=৩৪ (চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট= ৩৩৪ (তিনশত চৌত্রিশ) টাকা, ৩-৫ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০ টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ=২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট= ২২৩ (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন; **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,**"Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"।

প্রথম SMS: NRCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: NRCC ABCDEF***

*Reply: Applicant's Name, Tk-667/334/223 will be charged as application fee. Your PIN is xxxxxxx. To pay fee Type NRCC<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: NRCC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: NRCC YES 123456***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NRCC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nrcc.teletalk.com.bd অথবা www.nrcc.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন;

i. User ID জানা থাকলে NRCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: NRCC Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: NRCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: NRCC Help PIN 12345678 & send to 16222.

ঝ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর হতে ১২১, alljobs.query@teletalk.com.bd অথবা dd.af@nrcc.gov.bd এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকে জব পোর্টালের ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজের মাধ্যমে যোগাযোগ করা যাবে। (mail এর subject এ Organization Name: "NRCC", Post Name:******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় নদী রক্ষা কমিশন এর ওয়েবসাইটে (www.nrcc.gov.bd) এ পাওয়া যাবে এবং http://nrcc.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/nrcc ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষার ফি প্রদান ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি www.nrcc.gov.bd ওয়েবসাইটে এ পাওয়া যাবে।

ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্ব করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঠ) আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করা হবে। ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তাঁর দরখাস্ত/নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ড. খ ম কবিরুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও পরিবীক্ষণ)
(চলতি দায়িত্ব)